দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB. 8 .. 1999 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫

## অনিয়মিত পরীক্ষার্থীদের কাছ থেকে অধিক টাকা আদায় প্রসঙ্গে

নিয়মিত পরীক্ষার্থীর সাথে সাথে অনিয়মিত পরীক্ষার্থীও পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে। নিয়মিত কোন পরীক্ষার্থী যখন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে আর পূর্বেই তাকে কলেজের বেতনাদিসহ অন্যান্য চার্জ প্রদান করে বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করতে হয়, কিন্তু কিছু কিছু কলেজে অনিয়মিত পরীক্ষার্থীকেও ঐ নিয়মিত পরীক্ষার্থীর মতো বেতন ও অন্যান্য চার্জ প্রদান করে বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করতে হয়, তাও আবার বিরাট অঙ্কের টাকার বিনিময়ে। কিন্তু কেন? একজন অনিয়মিত পরীক্ষার্থী কোন এক সময় সেই কলেজের নিয়মিত শিক্ষার্থী ছিল। সেতো পূর্বেই বেতনাদিসহ অন্যান্য চার্জ প্রদান করে বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করেছিল। অনিয়মিত হয়ে কেন তাকে আবার সেই অর্থ প্রদান করতে হবে? কোন কোন কলেজে বেতনের পাশাপাশি সেশনফিসহ অন্যান্য চার্জও গ্রহণ করা হয়, আর অনিয়মিত পরীক্ষার্থীকে তাই প্রদান করে বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করতে হয়, আর অর্থের পরিমাণ এত বেশী যে সব পরিবারের পক্ষে তা যোগাড় করা সম্ভব নয়। ফলে অনেক পরীক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণ করা থেকে বিরত থাকতে হয়। অনিয়মিত পরীক্ষার্থীর কাছ থেকে যে এত টাকা আদায় করা হয় তাই কি নিয়ম? আর যদি নিয়মই হয়ে থাকে তাহলে এ কেমন নিয়ম? কেন এই অতিরিক্ত টাকা আদায়? এতো শুধু শিক্ষার্থীদের কাছ থেকে মোটা অংকের টাকা হাতিয়ে নেয়া। এসব কি দেখার কেউ নেই? হ্যাঁ, দেখে সবাই কিন্তু বলার কেউ নেই। আর যদিও বলার থাকে তো নিবারণের কেউ নেই। তাই যেসব কলেজে অনিয়মিত পরীক্ষার্থীদের কাছ থেকে অধিক টাকা আদায় করা হয় সেসব কলেজের কর্তৃপক্ষের কাছে অনুরোধ, শুধু ফরম পূরণ ফি আদায় করে অনিয়মিত পরীক্ষার্থীদের বোর্ড পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ করে দেবেন।

—অনিয়মিত পরীক্ষার্থীদের পক্ষে জয়, সাহরিয়ার, প্রিন্স,
১২. মালিটোলা ঢাকা-১১০০।